

কোর্ট ট্রাস্ট, প্রধান কার্যালয়, ঢাকা। তারিখ: ৩ মে, ২০১৮।

প্রতি : নোটিশ বোর্ডের মাধ্যমে সংস্থার সকল কর্মী

হতে : পরিচালক

বিষয় : **Academic Certificates** জমাদান প্রসংগে।

প্রিয় সহকর্মীবৃন্দ,

আপনাদের সকলের অবগতি এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নিম্নলিখিত বিষয়গুলো আপনাদের বরাবরে উপস্থাপন করা হলো।

১. সংস্থায় কর্মরত যেসব কর্মীর শিক্ষানবীশকাল শেষ হয়নি এবং যারা চুক্তিভিত্তিক নিয়োগপ্রাপ্ত তাদের সকল মূল **Academic Certificates** আগামী ১৫ মে, ২০১৮ তারিখের মধ্যে ব্যবস্থাপনা প্রশিক্ষণ কেন্দ্রে আরটিএল/টিএল/আরপিসির কাছে জমা দিতে হবে। প্রত্যেক কর্মী সার্টিফিকেট জমাদানপূর্বক একটি রশিদ গ্রহণ করবেন। পরবর্তীতে যারা সংস্থায় যোগদান করবেন তাদের জন্যও এ নিয়ম চালু থাকবে। কেউ যদি সার্টিফিকেট জমা না দেন তাহলে তার বেতন বন্ধ থাকবে।
২. নিয়োগ প্রক্রিয়ায় প্রাইমারি সিলেকশন লেটার দেয়ার সময়ই সার্টিফিকেটসমূহ জমা রাখতে হবে। সার্টিফিকেট জমা ছাড়া কোন প্রাইমারি সিলেকশন লেটার দেয়া যাবে না।
৩. **Academic Certificates** সমূহ সংস্থার কেন্দ্রীয় পর্যায়ে প্রধান-মানব সম্পদ ব্যবস্থাপনার কাছে লকারে সংরক্ষিত থাকবে। তবে এফডিএমএন প্রকল্পের কর্মীদের সার্টিফিকেটসমূহ টিম লিডার-ইউরক (TL-UROC) এর নিকট সংরক্ষিত থাকবে।
৪. কোন কর্মী সংস্থা ছেড়ে গেলে **Academic Certificate** সমূহ ফেরত নেওয়ার জন্য কর্মীকে সার্টিফিকেট জমা দানের সময় প্রদত্ত রশিদটি ফেরৎ দিতে হবে।
৫. এ সার্কুলারটি অনুতি বিলম্বে কার্যকরী হবে এবং এর সাথে যদি কেউ দ্বিমত পোষণ করেন তাহলে নিম্নস্বাক্ষরকারীর নিকট যেকোন আগামী ২০ মে, ২০১৮ তারিখের মধ্যে জানানোর জন্য অনুরোধ করা হলো।
৬. এই সার্কুলারটি আপনি আপনার শাখায়, প্রকল্প অফিস, বিএমটিসি, সিএমটিসি ও আঞ্চলিক অফিস ও প্রধান কার্যালয়ে আগামী দু'টি সভায় আলোচনা করা হবে। এই সার্কুলারটি সকল কর্মী পড়েছেন এই মর্মে স্বাক্ষর নিবেন এবং সবার অবগতির জন্য নোটিশ বোর্ডে ঝুলিয়ে রাখবেন, পরবর্তীতে নির্দিষ্ট ফাইলে চলে যাবে।

এ ব্যাপারে আপনাদের সকালে সহযোগিতা কামনা করছি।

ধন্যবাদসহ



সনত কুমার ভৌমিক

অনুলিপি:

নির্বাহী পরিচালক

সকল উপ ও সহকারি পরিচালক

অফিস কপি